গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব এ জেড এম নুরুল হক, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২
সময় : সকাল ১০:০০ ঘটিকা
জুম আইডি : 4022207314
পাসকোড : dpe123

আলোচ্য বিষয়:

১। অধিনস্ত দপ্তরসমূহের সিটিজেনস্ চার্টার এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২২-২৩ এর অগ্রগতি পর্যালোচনা;
২। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় উপপরিচালক (সংস্থাপন), বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্ট এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে জুম অ্যাপস্ এ সংযুক্ত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে অনুরোধ করেন। জনাব মোছাম্মদ রোখসানা হায়দার কর্তৃক উপস্থাপনার পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | অধিনস্ত দপ্তরসমূহের সিটিজেনস্ চার্টার এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২২-২৩ এর অগ্রগতি পর্যালোচনা; | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩' সভায় আলোচনা করা হয়। নির্দেশিকার আলোকে ইতোমধ্যে সকল দপ্তরে সিটিজেনস্ চার্টার প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করা হচ্ছে মর্মে মাঠপর্যায়ের কর্মকর্তাগণ সভাপতিকে অবহিত করেন। বিভাগীয় উপপরিচালকগণ জানান যে, সিটিজেনস্ চার্টার বাস্তবায়নে তাদের এবং অধিনস্থ দপ্তরসমূহের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রতি ত্রৈমাসিকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। এছাড়া, বিভিন্ন সময়ে অংশীজনের মতামতের ভিত্তিতে সিটিজেনস্ চার্টার নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। মাঠপর্যায়ের কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রমগুলো অনুসরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেনঃ<br>**<u>প্রাতিষ্ঠানিক বিষয়সমূহ</u>**<br>ক) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন করা।<br>খ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।<br>গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা।<br>ঘ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা (আওতাধীন দপ্তর/সংস্থাসহ)। | 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ২০২২-২০২৩' মোতাবেক বর্ণিত কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | **সক্ষমতা অর্জন**<br>ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা। | |
| ২ | বিবিধ | বিবিধ আলোচনায় সভাপতি পরিচালক (প্রশাসন) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে সকল অংশীজনকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি শিক্ষাবর্ষের অবশিষ্ট দিবসগুলো শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরাময়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাগিদ দেন। বিভিন্ন সময়ে উদ্ধর্তন কর্মকর্তাদের বিদ্যালয় পরিদর্শনে শিক্ষার্থীদের বাংলা/ইংরেজি পঠন দক্ষতা যাচাইয়ে আশানুরুপ ফলাফল না পাওয়ায় তিনি দুঃখ প্রকাশ করেন। শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির পাশাপাশি শিক্ষকদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ এবং ৫ম শ্রেণিতে শিক্ষার্থীদের যোগ্যতা অর্জন শেষে উচ্চ বিদ্যালয়ে ভর্তি নিশ্চিতকরণে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন। | সকল শিক্ষার্থীর শিখন ঘাটতি নিরাময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: মাঠপর্যায়ের সকল কর্মকর্তা। |

২১.০৯.২২

এ জেড এম নুরুল হক
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৪.২১- ৯৭০

তারিখ: ০৬আশ্বিন, ১৪২৯
২১সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে সিটিজেনস্ চার্টার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩.বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই -------------------------------সকল জেলা।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-4 এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

21/9/2022

মোঃ হেমায়েতুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)